


টুথ সেন্টারড
ট্রান্সফরমেশন

মডিউল



লবণ ও জ্যাতি
ভিডুয়াল এইডস

বিষয়সূচি

পাঠ ১: লবণ ও আলো

- আমি গণিত পারি না! নাটিকা- তিন কপি প্রিন্ট করুন
- তিনটি ছোট গল্প* – এক কপি প্রিন্ট করে কেটে নিন

পাঠ ৩: প্রকৃত ঈসায়ী

- তিনটি নাটিকা – প্রিন্ট করে কেটে নিন

পাঠ ৪: গুনাহ দূর করা ও মনকে নবায়ন করা

- ব্ল্যাক ডট গেম – সবাইকে একটি করে কার্ড দেওয়ার জন্য পর্যাপ্ত কার্ড প্রিন্ট করুন বা তৈরি করুন – প্রথম সারিটি গ্রুপকে দেখানোর জন্য কেটে নিন।
বাকিগুলো (সমস্ত ব্ল্যাক ডট) আলাদা করে কেটে একটি খাম বা ব্যাগে রাখুন
- গুনাহ কাটিয়ে ওঠার ধাপসমূহ (ধাপ ১-৫)

পাঠ ৫: খারাপকে ভালো দিয়ে প্রতিস্থাপন

- গুনাহ কাটিয়ে ওঠার ধাপসমূহ (ধাপ ৬-৯)
- গুনাহ কাটিয়ে ওঠা: ফাঁকা চার্ট – প্রতিটি শিক্ষার্থীর জন্য এক কপি প্রিন্ট করুন

পাঠ ৯: স্বেচ্ছাসেবকদের সংগঠিত করা

- সেবাকে উৎসাহিত করার সাতটি উপায়* – প্রতিটি ছোট গ্রুপের জন্য এক কপি প্রিন্ট করুন

এই ভিজুয়াল এইডগুলি ঐচ্ছিক শিক্ষার্থী সহায়িকাতে রয়েছে। আপনি যদি শিক্ষার্থী সহায়িকা ব্যবহার করেন, তাহলে () চিহ্নিত ভিজুয়াল এইডগুলি প্রিন্ট করবেন না।

অনুশীলনী ১: “আমি অংক/হিসাব করতে পারি না” নাটিকা

দৃশ্য: দোকানদার তার দোকানে লবণ বিক্রি করছে। একজন ক্রেতা সেখানে উপস্থিত হলেন।

ক্রেতা ১ দোকানে ঢুকে কিছু লবণ কিনতে চায় এবং লবণের দাম জিজ্ঞাসা করে। দোকানদার লবণ দেয়, ক্রেতা ১ টাকা প্রদান করে, দোকানদার ক্রেতা ১-কে খুচরা টাকা ফেরত দেয়।

ক্রেতা ১ যখন চলে যায়, সে খুচরা টাকা গুনে বুঝতে পারে যে দোকানদার তাকে অতিরিক্ত টাকা ফেরত দিয়েছে। ক্রেতা ১ হেসে বলে, **“আজ আমার ভাগ্য ভালো! দোকানদার আমাকে বেশি টাকা ফেরত দিয়েছে। কী অশিক্ষিত লোক, সাধারণ যোগও জানে না। হাহা!!”** ক্রেতা ১ চলে যায়।

এরপর ক্রেতা ২ দোকানে ঢুকে লবণ কিনে এবং সেখান থেকে ভুল খুচরা টাকা ফেরত পায়।

ক্রেতা ২ যখন চলে যায়, সে টাকা গুনে বুঝতে পারে যে দোকানদার তাকে অতিরিক্ত টাকা ফেরত দিয়েছে! ক্রেতা ২ চিন্তিত হয়ে বলে, **“ও না! দোকানদার আমাকে বেশি টাকা ফেরত দিয়েছে। এটা তার ভুল, এবং এভাবে তার ব্যবসায় ক্ষতি হবে।”**

ক্রেতা ২ দোকানদারের কাছে ফিরে যায় এবং আল্লাহ বা জামাতের কথা বলে না... শুধু ব্যাখ্যা করে যে সে বেশি টাকা পেয়েছে এবং অতিরিক্ত টাকা ফেরত দেয়।

দোকানদার তখন বলে, আপনাকে অনেক ধন্যবাদ। আমি স্কুল শেষ করতে পারিনি এবং গণিত ভালোভাবে জানি না। এটা আমার ব্যবসায় বড় সমস্যা সৃষ্টি করছে। আমি যদি ভালোভাবে গণিত শিখতে পারতাম!

ক্রেতা ২ সহানুভূতি দেখিয়ে বলে যে এটি সত্যিই একটি বড় সমস্যা। ক্রেতা ২ দোকানদারকে সঠিক গণিত ও ব্যবসায়িক পদ্ধতি শেখাতে সাহায্য করার প্রস্তাব দেয়, যাতে সে তার ব্যবসায় উন্নতি করতে পারে। দোকানদার খুব কৃতজ্ঞতা প্রকাশ করে যখন ক্রেতা ২ দোকান থেকে বেরিয়ে যায়।

অনুশীলনী ১: তিনটি গল্প

সম্প্রদায় ১ আমাদের গ্রামে, যখন কেউ অসুস্থ হত, ওঝা আসত এবং পরামর্শ ও ঔষুধ পেতে তাদের একটি পশু বলি দিতে বাধ্য করত। জামাতের ঈসায়ীরা যখন টিসিটি প্রোগ্রামের মাধ্যমে স্বাস্থ্য সম্পর্কে শিখল, তারা নিজেদের এবং প্রতিবেশীদের সাধারণ অসুস্থতার চিকিৎসা করতে পাঠগুলো ব্যবহার শুরু করল। গ্রামের সবাই দেখতে পেল যে যারা তাদের পরামর্শ অনুসরণ করছিল তারা পশু বলি না দিয়েই সুস্থ হয়ে উঠছিল। এখন আমাদের পুরো গ্রাম বলি দেওয়ার বদলে অসুস্থতা প্রতিরোধ ও চিকিৎসা করার চেষ্টা করে। এটি আমাদের টাকা বাঁচায় এবং সুস্থ রাখে! মনে হচ্ছে আল্লাহর সেবা ঈসায়ীদের জীবনকে উন্নত করে। এটি অন্যদের জীবনকেও উন্নত করে!

- এই গল্পে জামাত কী করেছিল?
- কীভাবে জামাতের লোকেরা আল্লাহর রহমত দেখেছিল?
- সম্প্রদায়ে কী পরিবর্তন ঘটেছিল?
- গ্রামের লোকেরা কীভাবে প্রতিক্রিয়া দেখাল?
- আমরা কিভাবে এই জামাতের মতো হতে পারি?

সম্প্রদায় ২ আমাদের গ্রামে, যখন লোকেরা ক্ষেত কাটতে আসত, ক্ষেতের মালিককে সবাইকে সাহায্য করার জন্য একটি বড় খাবার এবং পেপসি বা মদ সরবরাহ করতে হত। কখনও কখনও এর খরচ ফসলের লাভের চেয়েও বেশি হত! ভালোবাসার কাজ সম্পর্কে অধ্যয়ন করার পর, আমাদের সম্প্রদায়ের ঈসায়ীরা সিদ্ধান্ত নিল যে তারা গরিবদের ক্ষেতে কোনও অর্থ ছাড়াই সাহায্য করবে। লোকেরা অবাক হয়েছিল যে ঈসায়ীরা শুধু একে অপরকে সাহায্য করে না, জামাতের বাইরের লোকদেরও সাহায্য করে। শীঘ্রই আমাদের দেখে গ্রামের লোকেরা যা করছিল তা বন্ধ করে দিল এবং খাবার ও পানীয় চাওয়া বন্ধ করে দিল। এখন গ্রামের সবাই একে অপরের ক্ষেতে বিনামূল্যে কাজ করতে ইচ্ছুক। আমরা সবাই নিজেদের খাবার নিয়ে আসি, এবং একসাথে কাজ করি। ফলস্বরূপ, প্রতিটি পরিবার লাভ করতে সক্ষম হয়। এখন ফসল কাটা একটি সময় যার জন্য পুরো গ্রাম অপেক্ষা করে , এবং তারা তাদের লাভ দিয়ে তাদের পরিবারের জন্য প্রদান করতে পারে।

- এই গল্পে জামাত কী করেছিল?
- কীভাবে জামাতের লোকেরা মাবুদের রহমত দেখেছিল?
- সম্প্রদায়ে কী পরিবর্তন ঘটেছিল?
- গ্রামের লোকেরা কীভাবে প্রতিক্রিয়া দেখাল?
- আমরা কিভাবে এই জামাতের মতো হতে পারি?

সম্প্রদায় ৩ আমাদের গ্রাম ভালোবাসার কাজকে তাদের দৈনন্দিন জীবনের অংশ করে নিয়েছে। তারা প্রতি সপ্তাহে ভালোবাসার কাজ করে। আসলে, এটি এখন এমন একটি স্বাভাবিক জীবনযাত্রা হয়ে গেছে যে, যখনই কেউ একটি প্রয়োজন দেখে, তারা যা করছিল তা থামিয়ে সমস্যা সমাধানের চেষ্টা করে। যদি রাস্তায় পাথর বা আবর্জনা থাকে, তারা সেগুলো সরাতে থামে। তাদের গ্রামটি একসময় এলাকার সবচেয়ে নোংরা, অনুন্নত গ্রাম ছিল। কিন্তু এখন এটি বেশ পরিষ্কার এবং সুসংগঠিত। তারা সম্প্রতি কঠোর পরিশ্রম এবং একে অপরকে সাহায্য করে এবং নিজেদের আয় দিয়ে একটি সুন্দর জামাত নির্মাণ করতে সক্ষম হয়েছে! পরিবর্তনটি সকলের কাছে *দৃশ্যমান* যারা গ্রামের মধ্য দিয়ে যায়। কিন্তু এটি গ্রামবাসীদের একে অপরের প্রতি আচরণেও অনুভূত হয়। গ্রামের সবাই অনেক বেশি খুশি এবং কৃতজ্ঞ যে মন্ডলীর লোকেরা তাদের ভালোবাসার মাধ্যমে একটি সুন্দর জীবনযাত্রা দেখিয়েছে।

- এই গল্পে জামাত কী করেছিল?
- কীভাবে জামাতের লোকেরা আল্লাহর রহমত দেখেছিল?
- সম্প্রদায়ে কী পরিবর্তন ঘটেছিল?
- গ্রামের লোকেরা কীভাবে প্রতিক্রিয়া দেখাল?
- আমরা কিভাবে এই জামাতের মতো হতে পারি?

অনুশীলনী ৩: নাটিকা

চরিত্র ১: (খুব অহংকারীভাবে অভিনয় করুন)

কি তৃপ্তি! আজ আমি শহরে একদল লোকের কাছে প্রচার করেছি। আমার উচ্চস্বরে কথা বলার ক্ষমতা সবাইকে আমার গুরুত্বপূর্ণ মোনাজাত ও রুহানিক নিয়ম শোনাতে খুব উপকারী ছিল। আমি তাদের বলেছি কিভাবে তাদের বাঁচা উচিত। আমি নিশ্চিত যে আমি তাদের বোঝাতে পেরেছি, কারণ আমার প্রচার শেষ হলে তারা সবাই ঈসায়ী হতে হাত তুলেছিল। আমি সত্যিই এই এলাকার সেরা তবালিগকারী-আমার মতো সাফল্য আর কারো নেই! এতে আশ্চর্যের কিছু নেই: আমি প্রতিদিন ২ ঘন্টা মোনাজাত ও ১ ঘন্টা বাইবেল পড়ি। গত সপ্তাহে আমি ৩ দিন রোজা করেছি এবং আল্লাহর এই মাসে ১৫০ জনের রূপান্তরের জন্য মোনাজাত করেছি। আমি নিশ্চিত যখন তিনি দেখবেন যে আমি কত মোনাজাত ও রোজা করি, তিনি আমার মোনাজাতের উত্তর দেবেন। এটি খুব খারাপ যে অন্যরা আমার মতো রুহানিক নয়। তারা আল্লাহর কাজে নিজেদের সত্যিই নিবেদিত করতে জানে না... ওহ! সেই পাড়ার মাতাল আবার এসেছে। মনে হচ্ছে সে বাড়ির পথও খুঁজে পাবে না, আর এখন মাত্র ৫:০০! তার সত্যিই আমার একটি প্রচার শোনা দরকার! আচ্ছা, এখন আমার তার জন্য সময় নেই-মোনাজাতের সময় হয়েছে! (দ্রুত চলে যায়।)


চরিত্র ২: (হতাশ, খারাপ মনোভাব নিয়ে অভিনয় করুন এবং কথা বলার সাথে সাথে রাগান্বিত হোন)

উফ! কি এক দিন। আমি ক্লান্ত! জামাতের অংশ হওয়া আমার অনেক সময় নিচ্ছে! প্রতি সপ্তাহে আমি অন্যদের সাহায্য করতে সময় দিই। আশ্চর্যের কিছু নেই যে ইমাম আমাকে বলেছিলেন যে আমি জামাতের জন্য একটি রহমত! আজ আমি ৩ জন অসুস্থ লোককে দেখতে গিয়েছিলাম এবং তাদের জন্য খাবার নিয়ে গিয়েছিলাম। গত সপ্তাহেই, আমি একজন বিধবার জন্য একটি বাড়ি তৈরি করার ব্যবস্থা করেছিলাম... (রাগান্বিত হতে শুরু করে) যদিও আমি সেই মহিলাকে সত্যিই বুঝি না। আমি বলতে চাইছি সে খুব কৃতজ্ঞ ছিল না। সে ধন্যবাদ বলেছিল, কিন্তু এটা প্রায় এমন মনে হচ্ছিল যে সে মনে করেছিল এটি তার প্রাপ্য। আমি সত্যিই এমন মানুষ পছন্দ করি না। তারা বুঝতে পারে না যে আমি তাদের সাহায্য করতে কি ত্যাগ করি। আমার নিজের পরিবারেরও তো দেখাশোনা করতে হয়। কিন্তু সত্যিই তার কোনো কৃতজ্ঞতা ছিল না। লোকেদের উচিত আমার প্রচেষ্টাকে আরও সম্মান করা। বোকা বিধবা, আমার তার সাহায্য না করাই উচিত ছিল।


চরিত্র ৩: (বিনয়ী ও অনুতপ্তভাবে অভিনয় করুন)


আমি সবসময় (ব্যক্তি ১) ও (ব্যক্তি ২) দ্বারা খুব প্রভাবিত। তারা এত রূহানিক এবং জামাতের জন্য এত ভালো কাজ করে। কিন্তু মনে হয় আমি কখনোই তাদের মতো ভালো হতে পারি না। আজ আমি মোনাজাতে সময় দিতে চেষ্টা করেছি, কিন্তু কয়েক মিনিট পরেই আমার মেয়ে পড়ে গিয়ে হাঁটু কেটে ফেলেছে, তাই আমি তা পরিষ্কার ও ব্যান্ডেজ দিতে থেমে গেছি। শীঘ্রই শিশুদের স্কুলে নেওয়ার সময় হয়ে গেল। এরপর আমি ক্ষেতে কাজ করতে গেলাম। বাড়ি ফেরার পথে, আমি পাশের বিধবার সাথে দেখা করতে থেমে গেলাম। দুঃখী মহিলা-সে তার স্বামীকে হারিয়েছে, এবং সে খুব তিক্ত অভিজ্ঞতার মধ্য দিয়ে যাচ্ছে। আমি তার জন্য সত্যিই খুব দুঃখিত বোধ করছি। আমরা কয়েক ঘন্টা কথা বলেছি যখন আমি তার কাপড় ধোয়াতে সাহায্য করছিলাম, এবং আমি তার সাথে প্রার্থনা করেছি। সে অনেক খুশি মনে হচ্ছিল, কিন্তু আমি কামনা করছি যে আমি তাকে সাহায্য করার জন্য আরও কিছু করতে পারতাম। তার জন্য আমার হৃদয় খুব দুঃখিত। যদি আমি অন্যদের মতো আরও রূহানিক হতাম, তাহলে আমি আরও করতে পারতাম। (মাথা নত করে) পিতা, আমাকে ক্ষমা করুন যে আমি নিখুঁত নই। আমি এমন একটি জীবন যাপন করতে চাই যা আপনাকে সম্মান করে। আমাকে দেখান কিভাবে আমার সময় ব্যয় করতে হবে এবং আপনার মত অন্যদের ভালোবাসতে হবে। আমি আপনার সাহায্য চাই; আমি জানি আমি এটি নিজে থেকে করতে পারি না।

অনুশীলনী ৪: কালো ডট



































সাধারণ পাপ: _____

ধাপ	ছবি	পাপ
পাপ কাটিয়ে ওঠা		
১. পাপ চিহ্নিত করুন		
২. স্বীকার করুন ও ক্ষমা পান		
৩. অনুতাপ করুন		
মনকে নবায়ন করুন		
৪. প্রতিদিন মোনাজাত করুন		
৫. চিন্তা নিয়ন্ত্রণ করুন		
৬. শাস্ত্র মুখস্থ করুন		
খারাপকে ভালো দিয়ে প্রতিস্থাপন করুন		
৭. প্রলোভন থেকে পালান		
৮. নতুন অভ্যাস গড়ে তুলুন		
৯. দায়বদ্ধতা		

অনুশীলনী ৯: সাতটি উপায়ে সেবাকাজকে উৎসাহিত করা

- আপনি কি এই পদ্ধতিগুলোর কোনটি চেষ্টা করেছেন? কোনটি কাজ করেছে? কোনটি কাজ করেনি?
- সেবার গুরুত্ব শেখানোর জন্য আমরা কোন কোন কিতাবের অংশ ব্যবহার করতে পারি?
- আপনি মানুষকে স্বীকৃতি ও ধন্যবাদ দিতে কোন কোন পদ্ধতি ব্যবহার করেছেন? আর কী কী নতুন উপায় আপনি চেষ্টা করতে পারেন?
- আপনি কীভাবে সেবাকে আরও আনন্দদায়ক করতে পারেন? সেবাকে আরও মজাদার করার কোন কোন উপায় আছে?